

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. নাহিদ রশীদ সচিব মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময়	:	৩০/১১/২০২২; সকাল ০৯.০০ ঘটিকা।
স্থান	:	সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি	:	সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ হেমায়েত হোসেন আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি মন্ত্রণালয়কে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। চলতি ২০২২-২৩ অর্থবছরের ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ২৩/০৮/২০২২ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরিত বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে ০২/১১/২০২২ খ্রি. তারিখে একটি ফিডব্যাক প্রদান সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ মন্ত্রণালয় প্রেরিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর মতামত ও পরামর্শ প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

২.১ শুরুতে মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ ক্রমিকে “সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়টি আলোচনা করা হয়। এ বিষয়ে ইতোমধ্যে সাতক্ষীরায় একটি ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া ২.২ ক্রমিকে রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, ২.৪ ক্রমিকের প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ২.৫ ক্রমিকে প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি কার্যক্রম সম্পাদনের পর কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্বারোপ করেন।

২.২ মৎস্য অধিদপ্তরের ১০ টি জেলার জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রতি কোয়ার্টারে ০১ টি করে গণশুনানী আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। গণশুনানীসমূহে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, স্টেকহোল্ডার ও সাংবাদিকদের উপস্থিত করার বিষয়ে আলোচনা করা হয়।

২.৩ প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিসে গবাদিপশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ এবং উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের মাঝে গবাদিপশু ও হাঁস-মুরগি লক্ষ্যমাত্রা অনুযায়ী বিতরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।

২.৪ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা শহরের ভ্রাম্যমান মাছ বিক্রির ০৫টি স্পট বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ০৩টি মৎস্য অবতরণ কেন্দ্রে ডিজিটাল পদ্ধতিতে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বারোপ করা হয়।

২.৫ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বিভিসি এর প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তর করার নির্দেশনা প্রদান করা হয়।

২.৬ বিএলআরআই এর গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবার মূল্য তালিকা নির্ধারিত সময়ের মধ্যে অফিস সম্মুখে প্রদর্শন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। মেরিন ফিশারিজ একাডেমিতে স্থাপিত ট্রান্সপারেন্ট অভিযোগ বক্সসমূহে নিয়মিত মনিটরিং এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

২.৭ সভায় প্রদত্ত পরামর্শ মোতাবেক এ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করা হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনার ভিত্তিতে নির্ধারিত পরিবীক্ষণ ছকে ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করা হয়েছে (পরিশিষ্ট-খ)। প্রস্তুতকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনটির বিষয়ে সকলে সহমত পোষণ করায় প্রতিবেদনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য আলোচনা করা হয়।

০৩। সিদ্ধান্তঃ

- (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুমোদন করা হলো।
- (২) গত ০২/১১/২০২২ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত ফিডব্যাক সভার মতামত ও পরামর্শ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী প্রান্তিকের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৩) প্রাণিসম্পদ অধিদপ্তরের ২টি উপজেলা অফিসে গবাদি পশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. নাহিদ রশীদ)

সচিব

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি